কার্যালয়
মোহনপুর ইউনিয়ন পরিষদ
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

০৮ নং মোহনপুর ইউনিয়ন পরিষদের আগস্ট /২০২০ খ্রি: মাসের সভার কার্যবিবরণী :

সভার সভাপতি : জনাব মো: নুরুল হক, চেয়ারম্যান, ৮নং মোহনপুর ইউনিয়ন পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

সভার তারিখ : ২০-০৮-২০২০ খ্রিঃ রোজ : বৃহস্পতিবার সময় : সাকল ১০.০০ ঘটিকা

সভার স্থান : অস্থায়ী কার্যালয়, জয়নগর বাজার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

ইউপি সভায় উপস্থিত সদস্যগনের নাম :

| ক্র: নং | উপস্থিত সদস্যগনের নাম | পদবী | ওয়ার্ড নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মো: নুরুল হক | চেয়ারম্যান | ১-৯ | স্বাক্ষরিত |
| ০২ | বেগম সন্ধ্যা রাণী দেব | সংরক্ষিতমহিলা | ১.২.৩ | স্বাক্ষরিত |
| ০৩ | বেগম স্বপ্না বেগম | সংরক্ষিত মহিলা | ৪.৫.৬ | স্বাক্ষরিত |
| ০৪ | বেগম মোছা: আছিয়া খাতুন | সংরক্ষিত মহিলা | ৭.৮.৯ | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মো: তৈয়বুর রহমান | সাধারণ সদস্য | ১নং | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মো: ইকবাল হোসেন | সাধারণ সদস্য | ২নং | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মামুন রশিদ সেলিম | সাধারণ সদস্য | ৩নং | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মো: শামছুন নূর | সাধারণ সদস্য | ৪নং | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব মো: রইছ মিয়া | সাধারণ সদস্য | ৫নং | স্বাক্ষরিত |
| ১০ | জনাব মো: বাবুল মিয়া | সাধারণ সদস্য | ৬নং | স্বাক্ষরিত |
| ১১ | জনাব মো: নুরুল ইসলাম | সাধারণ সদস্য | ৭ নং | স্বাক্ষরিত |
| ১২ | জনাব মো: আব্দুস ছোবান | সাধারণ সদস্য | ৮নং | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব মো: আজিম উদ্দিন | সাধারণ সদস্য | ৯নং | স্বাক্ষরিত |

আলোচ্য বিষয় :

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

২। জয়নগরবাজার উন্নয়নে প্রকল্প গ্রহণ সম্পর্কে আলোচনা।

৩। এলজিএসপি-৩ এর আওতায় ইউনিয়ন পরিষদ কর্তৃক বাস্তবায়িত স্কীমের বিল ছাড়করণের অবগতি পত্র সম্পর্কে আলোচনা।

৪। এলজিএসপি-৩ এর আওতায় স্কিমসমূহের পরিকল্পনা ও বাস্তবায়নে পালনীয় দিক নির্দেশনা সংক্রান্ত আলোচনা।

৫। ডিজিটাল স্ক্রিন স্থাপন ও পোস্টার প্রকাশ সংক্রান্ত আলোচনা।

| ক্র: নং | বিবরণ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | অদ্যকার সভার সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। | বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |
| ২ | সভাপতি জয়নগর বাজার উন্নয়নে গুরুত্বপূর্ণ প্রকল্প নির্বাচনের জন্য সকলকে আহবান জানান। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্মোক্ত প্রকল্পসমূহ গৃহীত ও অনুমোদীত হয়।<br><br>১। জয়নগর বাজার আখড়ার রাস্তা হতে ফিস সেড মার্কেট পর্যন্ত সিসি ঢালাই,<br><br>২। জয়নগর বাজার আ: রশিদের দোকনের সামনা হতে মো: জসিমের দোকানের সামনা পর্যন্ত সিসি ঢালাই,<br><br>৩। জয়নগর বাজার সেডঘর হতে নদীর পাড় পর্যন্ত সিসি ঢালাই। | গৃহীত প্রকল্প সমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ইউনিয়ন পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ৩ | সভাপতি সভাকে জানান যে, এলজিএসপি-৩ এর আওতায় ইউনিয়ন পরিষদ কর্তৃক বাস্তবায়িত স্কীমের বিল ছাড়করণের অবগতি পত্রের সাথে নির্দিষ্ট কতগুলো নথি সংযুক্ত করে ডিডিএলজি মহোদয়ের নিকট প্রেরণ করতে হবে, এ বিষয় সম্পর্কিত ২০২০ সালের ১৮ আগস্ট তারিখের ৪৬.৪৬.৯০০০.০১১.১৯.০০২.১৮-৫৫৮(১০১) নং স্মারকে প্রেরিত পত্রটি তিনি সভায় উপস্থাপন করেন। পত্রটি পাঠ করে সকলকে শুনানো হয়। | পত্রের মর্মমতে বিলের অবগতিপত্রের সাথে চাহিত নথিসমূহ সংযুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল সদস্য, মোহনপুর ইউনিয়ন পরিষদ, |
| ৪ | সভায় ২০২০ সালের ১৭ আগস্ট তারিখের ৪৬.০১৮১৯৯.০৩.১১১.৪৩৯-৬৩ নং স্মারকে প্রেরিত পত্রটি সভায় পাঠ করে শুনানো হয়। এলজিএসপি-৩ এর আওতায় স্কিমসমূহের পরিকল্পনা ও বাস্তবায়নে পালনীয় দিক নির্দেশনাসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নির্দেশনাসমূহ পালন করার জন্য সকলকে অনুরোধ করা হয়। | এলজিএসপি-৩ এর আওতায় স্কিমসমূহের পরিকল্পনা ও বাস্তবায়নে পালনীয় দিক নির্দেশনাসমূহ পালনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল সদস্য, মোহনপুর ইউনিয়ন পরিষদ, |
| ৫ | সভায় ৪৬.৪৬.৯০০০.০১১.১৯.০০২.১৮.৫৫৫(১২২) স্মারক নং এ প্রেরিত ১৬ আগস্ট ২০২০ তারিখের পত্রটি উপস্থাপন করে পাঠ করে সকলকে শুনানো হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মশতবার্ষিকী পালন উপলক্ষ্যে অত্র ইউনিয়নে ডিজিটাল স্ক্রিন স্থাপন ও পোস্টার প্রকাশ করার নির্দেশনা রয়েছে। স্ক্রিন স্থাপন ও পোস্টার বাবাদ জেলা প্রশাসক,সুনামগঞ্জ বরাবরে ১৫০০০/= পনের হাজার টাকার ক্রস চেক দেওয়ার জন্য বলা হয়েছে। | জেলা প্রশাসক,সুনামগঞ্জ বরাবরে ১৫০০০/= পনের হাজার টাকা ক্রস চেকের মাধ্যমে পরিশোধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল সদস্য, মোহনপুর ইউনিয়ন পরিষদ, |

অত:পর সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি আবারও সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/০৮/২০২০

(মো: নুরুল হক)
মোঃ নুরুল হক
চেয়ারম্যান
চেয়ারম্যান
মোহনপুর ইউনিয়ন পরিষদ
মোহনপুর ইউনিয়ন পরিষদ
জেলা ও উপজেলা সুনামগঞ্জ
সুনামগঞ্জ সদর।

স্মারক নং: ২৫১/২০২০

তারিখ:২৪/০৮/২০২০ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

২৬/০৮/২০২০

(মো: নুরুল হক)
মোঃ নুরুল হক
চেয়ারম্যান
চেয়ারম্যান
মোহনপুর ইউনিয়ন পরিষদ
মোহনপুর ইউনিয়ন পরিষদ
জেলা ও উপজেলা সুনামগঞ্জ।
সুনামগঞ্জ সদর।